# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

সার্কুলার লেটার নং -প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/১(১৩)/২০২২-২০২৩/১২৫৫(১২৫০) তারিখঃ ২১/১১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ এর আওতায় সময়ভিত্তিক ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর বৈশ্বিক মহামারির প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী তথা বাংলাদেশ সরকার কর্তৃক বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজসমূহ ঘোষণা করা হয়েছে। সরকারের নির্দেশনায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্যাকেজসমূহ বাস্তবায়ণের জন্য বিভিন্ন সময়ে সার্কুলার ও সার্কুলার লেটার জারী করা হয়েছে যা অনুসরণ করে উক্ত প্রণোদনা প্যাকেজসমূহ বাস্তবায়নে অত্র ব্যাংক হতেও নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, বিগত ২৭/১০/২০২২ তারিখে প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ALCOM মিটিং এ বর্ণিত বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য আলোকপাত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত চলমান প্রণোদনা প্যাকেজসমূহ এবং বিশেষ করে সিএমএসএমই'র আওতায় লক্ষ্যমাত্রা বাস্তবায়নকল্পে সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি প্রণোদনা প্যাকেজসমূহ এর আওতায় বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায় করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম এবং বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায়ের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/১(১৩)/২০২২-২০২৩/১২৫৫(১২৫০) তারিখঃ ২১/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

21/11/2022
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক